

ইউনিক হোটেল এন্ড রিসোর্টস লিমিটেড এর ২০ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন।

ইউনিক হোটেল এন্ড রিসোর্টস লিমিটেড এর ১৪ তম বার্ষিক সাধারণ সভা আজ ২৫ ই জুন ২০১৫, বৃহস্পতিবার, ইউনিক ট্রেড সেন্টার, ঢাকায় অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ইউনিক হোটেল এন্ড রিসোর্টস লিমিটেড এর চেয়ারপারসন সেলিনা আলী। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোহা. নূর আলী। অনুষ্ঠানে শেয়ারহোল্ডারগণ ২০১৪ সমাপ্ত বৎসরের হিসাবের ভিত্তিতে ২০% নগদ লভ্যাংশ অনুমোদন করেন।

বার্ষিক সাধারণ সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডারবৃন্দ উপস্থিত ছিলেন। এ ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিচালক মোহাম্মদ মহসীন, গাজী মোঃ সাখাওয়াত হোসেন, নাদিহা আলী, চৌধুরী নাফিজ সারাফাত, স্বতন্ত্র পরিচালক রোটারিয়ান গোলাম মুস্তাফা, পরিচালক হিসাব ও সিএফও মুহাম্মদ ওয়াহিদুর রহমান, এফসিএ এবং কোম্পানী সচিব মোঃ শরীফ হাসান, এসিএস সহ উর্ধ্বতন কর্মকর্তারা। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোম্পানীর উপদেষ্টা **Sheikh Shahidul Islam**।

সভায় শেয়ার হোল্ডারদের উদ্দেশে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোহাঃ নূর আলী কোম্পানীর বর্তমান ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন।